দৈনিক বাংলা

তারিখ 26 JAN 1991

পৃষ্ঠা ... কলাম ...

05

## তদন্ত কমিটি গঠিত

শুক্রবার ঢাকায় এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের সময় কয়েকটি কেন্দ্রে কতিপয় বহিরাগত গোলযোগ সৃষ্টির অপপ্রয়াস চালায়। ফলে যথা-নিয়মে ভর্তি পরীক্ষা হতে পারেনি।

(৪–এর পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## তদন্ত কমিটি গঠিত

(প্রথম পৃঃ পর)

বিষয়টি তদন্তের জন্য মেডিক্যাল শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণার পরিচালক অধ্যাপক হাবিবুর রহমান আনসারীকে চেয়ারম্যান করে এবং ঢাকা মেডিক্যাল কলেজ ও স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের অধ্যক্ষবৃন্দকে সদস্য করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

কমিটি তিনদিনের মধ্যে তাদের রিপোর্ট পেশ করবেন এবং এই রিপোর্টের ভিত্তিতে অচিরেই যথাযথ ও ন্যায়সংগত ব্যবস্থা গ্রহণ করা হবে। খবর তথ্য বিবরণীর।